

স্থগিত ২ বোর্ডের এইচএসসি পরীক্ষার নতুন তারিখ ঘোষণা

অনলাইন ডেস্ক

১৩ আগস্ট ২০২৩ ০৫:১৪ পিএম | আপডেট: ১৩ আগস্ট ২০২৩ ০৮:১২ পিএম

3
Shares



ফাইল ছবি

advertisement..

চট্টগ্রাম ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে স্থগিত হওয়া এইচএসসি ও সমমানের পরীক্ষার প্রথম চারটি বিষয়ের জন্য নতুন তারিখ ঘোষণা করা হয়েছে। আজ রোববার সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ নতুন এ তারিখ ঘোষণা করে।

চট্টগ্রাম শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ জানায়, স্থগিত হওয়া প্রথম চারটি বিষয়ের পরীক্ষা যথাক্রমে আগামী ২৭ সেপ্টেম্বর, ১ অক্টোবর, ৩ অক্টোবর ও ৫ অক্টোবর অনুষ্ঠিত হবে।

advertisement

অন্যদিকে মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জানায়, মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে স্থগিত হওয়া আলিম পরীক্ষার প্রথম চারটি বিষয়ের পরীক্ষা যথাক্রমে ১ অক্টোবর, ৩ অক্টোবর, ৫ অক্টোবর ও ৮ অক্টোবর অনুষ্ঠিত হবে।

আরও পড়ুন: এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে রাজশাহী শিক্ষা বোর্ড ঘেরাও

এর আগে, গত শুক্রবার প্রাকৃতিক দুর্ঘটনের কারণে আসন্ন চট্টগ্রাম শিক্ষা বোর্ড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি ও সমমান পরীক্ষা পেছানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

3
Shares